

বাংলা  
Bengali (303)  
শিক্ষককৃত মূল্যায়ন পত্র  
Tutor Marked Assignment

পূর্ণমান - 20

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক ।

(খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় উপরের দিকে নিজের নাম,এনরোলমেন্ট নম্বর,পাঠকেন্দ্রের  
(AI) নাম ও বিষয় স্পষ্টভাবে লিখুন।

1. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40- 60 টি শব্দের মধ্যে লিখতে হবে) (2)

(ক) বিশ্বকবি রবীন্দ্রনাথ এই পৃথিবীর স্রষ্টার কাছে এক অদৃশ্য শুভশক্তি কল্পনা করেছেন –‘প্রশ্ন’  
কবিতায় উল্লেখিত অদৃশ্য শুভশক্তিকে নিজের ভাষায় প্রকাশ করুন।

(পাঠ ৫ দেখুন)

(খ) “অতীতের বোঝা মাথা থেকে ঝেড়ে ফেলবার শক্তি কি আমাদের দেহে কখনোই জন্মাবেনা?”–  
অতীতের বোঝা বলতে প্রাবন্ধিক কোন বোঝার কথা বলেছেন?এর পশ্চাতে কোন ঐতিহাসিক  
সত্য নিহিত রয়েছে?

(পাঠ ১১ দেখুন)

2. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40- 60 টি শব্দের মধ্যে লিখতে হবে) (2)

(ক) ‘মহারাজ’-বালকটির এই নামের সঙ্গে আসল পরিচয়ের পার্থক্য নিজের ভাষায় লিখুন।

(পাঠ ২৪ দেখুন)

(খ) “বাংলাভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি” –এই চেনা ছবিগুলি কী কী?

(পাঠ ১৮ দেখুন)

3. যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন । (উত্তর 40- 60 টি শব্দের মধ্যে লিখতে হবে) (2)

(ক) সাধু রীতি থেকে চলিত রীতির বাক্যে পরিবর্তন করুন–

(অ) তুমি আমাকে মারিতে লাঠি তুলিয়াছিলে, তুমি অদ্য হইতে তিন দিবস উপবাস করিয়া  
দেখ।

(আ) নির্দেশ মতো গঠন অনুসারে বাক্য পরিবর্তন করুন:

তোমার পরিচিত সুরেনদা এখনই আসবেন (জটিল বাক্য)

(খ) (অ)  $\sqrt{\text{গম্ব}} + \text{অন}$  – এই অংশটি যুক্ত করে, এটা কী জাতীয় প্রত্যয় তা নিরূপন করুন এবং পদটি দিয়ে একটি বাক্য রচনা করুন।

(আ) নিচের ব্যাসবাক্য পূর্ণ অংশকে সমাসবদ্ধ রূপ দিন

(ক) দিন দিন (খ) পলমিশ্রিত অন্ন

(পাঠ ১২ - ১৫ দেখুন)

4. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 টি শব্দের মধ্যে লিখতে হবে) (4)

(ক) কাজী নজরুল ইসলাম 'নারী' কবিতায় পুরুষ ও নারীর মধ্যে সামাজিক ক্রিয়াকলাপের ক্ষেত্রে যে, কোন বৈষম্য থাকা উচিত নয় তার সপক্ষে কোলেকান্ যুক্তি দিয়েছেন?

(পাঠ ১৭ দেখুন)

(খ) “বেইমানি করব তোমাদের সাথে কথা দিয়ে?” – বক্তা কে? যে অভিযোগের উত্তরে বক্তা একথা গুলি বলেছেন সে অভিযোগটি কী ছিল? বক্তা তার উত্তরে কী বলেছিল? উক্তিটির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন্ দিকটি উজ্জ্বল হয়ে উঠেছে তা উল্লেখ করুন।

(পাঠ ২১ দেখুন)

5. নীচের সূত্র অবলম্বনে একটি পত্র লিখুন :- (4)

(ক) ধরুন আপনি একজন উচ্চ শিক্ষিত এবং সরকারি আধিকারিক, উচ্চ দপ্তরে কাজ করেন – হঠাৎ আপনার পুরনো এক ঘনিষ্ঠ বন্ধুর ছেলে পত্র মারফৎ আপনাকে জানালো যে তার বাবার অকাল মৃত্যুতে বাধ্য হয়ে বাবার জায়গায় পোস্ট অফিসে পিয়নের চাকরি করছেন – সে উচ্চাকাঙ্ক্ষী – আরও পড়াশোনা করে কোন ভালো চাকরি যদি জোগাড় করতে পারেন।

আপনি NIOS - এর কথা জানিয়ে অমিতকে, এতে যোগদানে উৎসাহিত করে একটি চিঠি লিখুন।

(খ) নিচের অংশটির সারসংক্ষেপ লিখুন -

আমি বলি, শিক্ষা কেন দ্বারে দ্বারে যাইবেনা? চাষার ছেলে যদি বিদ্যালয়ে না আসিতে পারে, তাহা হইলে কৃষিক্ষেত্র অথবা কারখানায় যেখানে সে আছে সেখানেই তাহাকে শিক্ষিত করিয়া তুলিতে হইবে। ছায়ার মত তাহার সঙ্গে যাও। শত সহস্র সন্ন্যাসী জনসাধারণের কাছে তাহার ইতিহাস বা অন্যান্য বহু বিষয়ের কথা বলিবেন না কেন? শ্রবনের মাধ্যমেই শ্রেষ্ঠ শিক্ষালাভ হয়। যে শিক্ষা আমরা মায়েদের কাছ হইতে কানে শুনিয়া লাভ করিয়াছি, উহাই আমাদের শ্রেষ্ঠ জীবন শিক্ষা। গ্রন্থাদিপরে দেখা দিয়াছে। পুঁথিগত বিদ্যা কিছুই নয়। কানে শুনিয়া আমরাই চরিত্র গঠনকারী শ্রেষ্ঠ নীতিসমূহ পাই। তারপর জনসাধারণের আগ্রহ যত বাড়িবে, তখন তাহারা আপনাদের বইও পড়িবে। প্রথমে কাজ শুরু করিয়া দেওয়া যাক। -ইহাই আমাদের মনোভাব।

(পাঠ ২৬ দেখুন)

6. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 500 শব্দের মধ্যে লিখতে হবে)

(6)

(ক) কোভিড-১৯ ও আমরা

করোনা কী? - কবে এবং কোথায় এর সূত্রপাত- রোগের উপসর্গ- এর ভয়াবহতা -এবং প্রতিরোধের উপায় -আমাদের শিক্ষা।

(খ) নারীর স্বশক্তিকরণ

নারীর স্বশক্তিকরণ সম্বন্ধে ধারণা- সমাজে নারীর স্থান -বাস্তবিকতা- উদাহরণ সহ বিশিষ্ট তিনজন নারীর নাম লিখুন - যেকোন একজন এর জীবনী নিয়ে আলোচনা করুন, যিনি সমাজে প্রতিবন্ধকতার মধ্যে ও নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন - নিজস্ব বিশ্লেষণ।